ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# সনাক - ইয়েস জাতীয় সম্মেলন ২০১৬

■ ৪ ফেব্রুয়ারি ২০১৬ ■ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকা

## সম্মেলনের ঘোষণা

আমরা 'সনাক - ইয়েস জাতীয় সম্মেলন ২০১৬' এর সমাপ্তিতে দুর্নীতিকে সর্বান্তঃকরণে ঘৃণা করার সম্মিলিত অঙ্গীকার পুনর্ব্যক্ত করে ঘোষণা করছি যে, আমরা ব্যক্তিগত এবং পেশাগত জীবনে দুর্নীতি থেকে বিরত থেকে প্রত্যেকে নিজ নিজ অবস্থান অনুযায়ী একক ও সমষ্টিগতভাবে দুর্নীতিকে কার্যকরভাবে প্রতিরোধের চেষ্টা করছি এবং করব। গণতন্ত্র, সুশাসন ও মানবাধিকার প্রতিষ্ঠায় এবং সমাজ ও রাষ্ট্রের বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনকে আরও বেগবান ও কার্যকর করতে আমরা একযোগে কাজ করতে সচেষ্ট ও সক্রিয় থাকবো। আমরা আমাদের বিবেককে চির জাগ্রত রাখবো, অন্য সকলের, বিশেষ করে, তরুণ প্রজন্মের বিবেক জাগ্রত রেখে দুর্নীতি প্রতিরোধে উদ্বুদ্ধ করবো।

### চাই ন্যায্যতা, সুশাসিত ও গণতান্ত্রিক বাংলাদেশ

বাংলাদেশে গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণ, সুশাসন এবং জাতি-ধর্ম-বর্ণ, লিঙ্গ, আদিবাসী, বাঙালী, প্রতিবন্ধী বা অন্য যেকোনো পরিচয় নির্বিশেষে সকল মানুষের সম-অধিকার প্রতিষ্ঠার পরিবেশ সৃষ্টির জন্য আমরা জোর দাবি জানাচ্ছি। নৈতিক মূল্যবোধের অবক্ষয় রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণে আমরা সরকারের প্রতি আহ্বান জানাই। আমরা সকল নারী-শিশু, আদিবাসী, প্রতিবন্ধী, সংখ্যালঘু এবং অন্যভাবে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মৌলিক অধিকারের কার্যকর নিশ্চিতের দাবি করি। আমরা চাই ন্যায়ভিত্তিক, সুশাসিত ও গণতান্ত্রিক বাংলাদেশ।

### দুর্নীতি দমনে চাই দুদকসহ কার্যকর, স্বাধীন ও নিরপেক্ষ প্রতিষ্ঠান

দুর্নীতি উন্নয়ন ও মানবাধিকার প্রতিষ্ঠার অন্যতম অন্তরায় বিধায় দুর্নীতিবিরোধী কার্যক্রমকে দীর্ঘস্থায়ী ও কার্যকর করতে সরকারি, রাজনৈতিক নেতৃবৃন্দ, নাগরিক সমাজসহ সংশ্লিষ্ট সকলের সমন্বিত উদ্যোগ গ্রহণের আহ্বান জানাই। দুর্নীতি প্রতিরোধে সুনির্দিষ্ট দায়িত্বপ্রাপ্ত সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান এবং একই সাথে সরকার প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে দুদককে শক্তিশালী ও কার্যকর করার আইনি ও প্রাতিষ্ঠানিক কাঠামো নিশ্চিতের অঙ্গীকার বাস্তবায়নের জোর দাবি জানাচ্ছি। পাশাপাশি জাতীয় সততা ব্যবস্থার অন্য সকল প্রতিষ্ঠান, যাদের উপর আইনের শাসন ও জবাবদিহিমূলক সরকার নিশ্চিত করার দায়িত্ব, বিশেষ করে, জাতীয় সংসদ, প্রশাসন, আইন প্রয়োগকারী সংস্থা, বিচার ব্যবস্থা, নির্বাচন কমিশন ও মানবাধিকার কমিশনের নিরপেক্ষতা, বস্তুনিষ্ঠতা ও পেশাদারিত্ব নিশ্চিতের দাবি করছি।

### উন্নয়ন, স্বচ্ছতা, গণতান্ত্রিক অধিকার

দেশের অবকাঠামোগত উন্নয়নসহ জনস্বার্থে, জনগণের অর্থে ও জনগণের সম্পদনির্ভর বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সরকারি ক্রয় নীতিমালার যথাযথ অনুসরণ সাপেক্ষে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে প্রকল্প সংশ্লিষ্ট বিশদ তথ্য স্বপ্রণোদিতভাবে প্রকাশ করতে সরকারের প্রতি আমরা আহ্বান জানাচ্ছি। বিশেষ করে জনকল্যাণে সকল উন্নয়ন প্রকল্পে সংশ্লিষ্ট নাগরিক ও সকল অংশীজনের অভিমত, অধিকার ও অংশগ্রহণমূলক প্রাধান্য নিশ্চিত করার আহ্বান জানাই। উন্নয়ন জনগণের জন্য, জনগণের অধিকার নিশ্চিতের জন্য। জনগণের গণতান্ত্রিক অধিকার খর্ব করে উন্নয়ন দীর্ঘস্থায়ী হতে পারে না। উন্নয়ন ও গণতন্ত্র একে অপরের জন্য অপরিহার্য।

### প্রতিষ্ঠিত হোক তথ্যের অধিকার, অবাধ তথ্য প্রবাহ ও গণমাধ্যমের স্বাধীনতা

অবাধ তথ্য প্রবাহ ও গণমাধ্যমের স্বাধীনতা গণতন্ত্র ও সুশাসনের পূর্বশর্ত এবং দুর্নীতি প্রতিরোধের অন্যতম সহায়ক হাতিয়ার। তথ্য অধিকার আইনে ও তথ্য প্রকাশকারীর সুরক্ষা আইনের কার্যকর বাস্তবায়নের পথে বিরাজমান সকল

প্রতিকূলতা উত্তরণে বিশেষ করে গণমাধ্যমসহ মত ও তথ্য প্রকাশের স্বাধীনতা প্রতিষ্ঠায় নিয়োজিত সকলকে উদ্যোগী ভূমিকা পালনের জন্য আমরা সরকারসহ সংশ্লিষ্ট সবাইকে আহ্বান জানাচ্ছি। আমরা উল্লিখিত দুটি আইনের সাথে সাংঘর্ষিক সকল আইন ও বিধিমালা বাতিল করার আহ্বান জানাচ্ছি।

অনেক চ্যালেঞ্জ থাকার পরও দেশের গণমাধ্যম সরকারের সহযোগী ও সহযোদ্ধা হিসেবেই কাজ করে থাকে। গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার দাবি জানাচ্ছি। গণমাধ্যমের ওপর কর্পোরেট প্রভাব নিয়ন্ত্রণ নিশ্চিত করতে গণমাধ্যম কর্মীসহ সকল অংশীজনকে আহ্বান করছি। দুর্নীতি প্রতিরোধে গণমাধ্যম কর্মীদের আরও সক্রিয় ভূমিকা পালনের আহ্বান জানাচ্ছি।

**চাই বিনিয়োগের আস্থা নিশ্চিত করা ও কালো টাকা বৈধ করার সুযোগ বাতিল**

ব্যবসা-বাণিজ্যে কালো টাকা ও সিন্ডিকেটের প্রভাব নিয়ন্ত্রণে এবং পুঁজি বাজারে সাধারণ মানুষের বিনিয়োগের নিরাপত্তা নিশ্চিতকরণে আমরা সরকারের কঠোর পদক্ষেপ কামনা করছি। সেইসাথে সংবিধান ও নির্বাচনী অঙ্গীকার পরিপন্থী কালো টাকা বৈধ করার সকল প্রত্যক্ষ ও পরোক্ষ সুযোগ বন্ধের জোর দাবি জানাচ্ছি। দেশের ব্যাংক ও আর্থিক ব্যবস্থাপনা খাতে অনিয়ম দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে সঞ্চয়/বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি করতে সরকারের কার্যকর উদ্যোগ কামনা করছি। একইসাথে দুর্নীতির মাধ্যমে অর্জিত সম্পদ বাজেয়াপ্ত করাসহ সরকারি কর্মকর্তাদের আয়-ব্যয়ের হিসাব এবং তাদের নিকটাত্মীয়দের ব্যাংক হিসাব প্রকাশেরও আহ্বান করছি। দুর্নীতিবিরোধী জাতিসংঘ কনভেনশনের সদস্য রাষ্ট্র হিসেবে দেশ থেকে অর্থ পাচার প্রতিরোধ, পাচারকৃত অর্থ ফিরিয়ে আনা ও পাচারকারীদের জবাবদিহিতা নিশ্চিত করার সকল সুযোগ সদ্ব্যবহারের দাবি জানাচ্ছি।

**জবাবদিহিমূলক ও গণতান্ত্রিক চর্চা**

গণতান্ত্রিক প্রক্রিয়াকে দৃঢ় ও শক্তিশালী করতে এবং সর্বোপরি দেশের সার্বিক কল্যাণে সকল রাজনৈতিক দলকে সংযত, সহনশীল ও গণতান্ত্রিক চর্চার প্রতি শ্রদ্ধাশীল হওয়ার আহ্বান জানাই। একইসাথে সরকারের জবাবদিহিতা নিশ্চিতে সংসদকে কার্যকর করার লক্ষ্যে বিরোধী দলকে বিরোধী দলসুলভ কার্যকর, দায়িত্বশীল ও দৃশ্যমান ভূমিকা পালনের আহ্বান জানাই। সকল রাজনৈতিক দলে ও তাদের অঙ্গ-সংগঠনে আভ্যন্তরীণ গণতান্ত্রিক চর্চা বিকাশে কার্যকর পদক্ষেপের আহ্বান করছি।

**চাই আইনের শাসন ও নারী, শিশুসহ সকল সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সমান অধিকার**

বিচার বহির্ভূত হত্যাকাণ্ড, অপহরণ, ধর্ষণ, গণধর্ষণ ও গুমের মতো জঘন্য অপরাধ দমনসহ দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির সার্বিক উন্নয়নে আরও সচেষ্ট হওয়ার জন্য সরকার ও সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের প্রতি আবেদন জানাচ্ছি। এক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ এবং বিশেষ করে আইন-শৃঙ্খলা বাহিনীকে সকল বিতর্কের উর্ধ্বে থেকে আইনের রক্ষক হয়ে ভক্ষকের ভূমিকা পরিহার করে নিরপেক্ষ ও সকল প্রকার প্রভাবমুক্ত হয়ে পেশাদারিত্বের সাথে অর্পিত দায়িত্ব পালনের আহ্বান জানাচ্ছি। মানবাধিকার লঙ্ঘনের ঘটনার সাথে জড়িত সকল দোষী ব্যক্তি ও গোষ্ঠীকে চিহ্নিত করে তাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি। নারী ও শিশুসহ সকল সুবিধাবঞ্চিতের ক্ষমতায়ন প্রক্রিয়া ত্বরান্বিত করে দেশের আপামর জনগণের, বিশেষ করে, সকল ধর্মীয়, সাংস্কৃতিক, প্রতিবন্ধী ও আদিবাসীসহ সকল পরিচয় নির্বিশেষে সকল নাগরিকের সমান অধিকার নিশ্চিত করতে আরও সক্রিয় ও সচেষ্ট হতে সরকার, রাজনৈতিক দল, প্রশাসন, আইন প্রয়োগকারী সংস্থা, বিচার বিভাগ, গণমাধ্যম, বেসরকারি সংস্থাসহ সকল অংশীজনের প্রতি উদাত্ত আহ্বান জানাই। দুর্নীতিবিরোধী মূল্যবোধ ও বিবেক জাগ্রত করার লক্ষে সর্বস্তরে শিক্ষার গুণগত মানোন্নয়নে ও নৈতিকতা শিক্ষার প্রসারে জাতীয় শিক্ষানীতি অনুযায়ী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সরকারসহ সংশ্লিষ্ট সকল অংশীজনের প্রতি আহ্বান জানাচ্ছি।

আমরা মহান ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে সততা, মূল্যবোধ, নৈতিকতা, স্বচ্ছতা, ন্যায্যতা, জবাবদিহিতা ও মুক্তবুদ্ধি চর্চার মাধ্যমে সকল প্রকার শোষণ ও বৈষম্য অবসানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল পক্ষকে গণতন্ত্র, সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতিমুক্ত সমাজ বিনির্মাণে একযোগে কাজ করার জন্য আহ্বান জানাচ্ছি।

###